গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.১২.৯২৯.২৪-৩৫১

তারিখঃ ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**"পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"**

প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর আলোকে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের মধ্যে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের (পদের পার্শ্বে বর্ণিত) নিকট হতে শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, জাতীয় বেতন স্কেল ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা |
|---|---|---|---|
| ১. | ক্যাশিয়ার<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৫৪ | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্স (এমএসওয়ার্ড, এমএসএক্সেল, ই-মেইল এবং ইন্টারনেট ব্যবহারসহ) সম্পন্ন |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৪৬১ | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন দক্ষতার গতি প্রতি মিনিটে ইংরেজি ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ |
| ৩. | ল্যাবরেটরি টেকনিশিয়ান<br>(নিম্ন স্কেল)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৩৯ | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্স (এমএসওয়ার্ড, এমএসএক্সেল, ই-মেইল এবং ইন্টারনেট ব্যবহারসহ) সম্পন্ন |
| ৪. | স্টোর কিপার (গ্রেড-১৬)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৪ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্স (এমএসওয়ার্ড, এমএসএক্সেল, ই-মেইল এবং ইন্টারনেট ব্যবহারসহ) সম্পন্ন |
| ৫. | সহকারী স্টোর কিপার/সহকারী গুদাম রক্ষক<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৪ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্স (এমএসওয়ার্ড, এমএসএক্সেল, ই-মেইল এবং ইন্টারনেট ব্যবহারসহ) সম্পন্ন |
| ৬. | ড্রাইভার<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৪৯ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং (হালকা/ভারী) লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |
| ৭. | ড্রাইভার ট্রাক্টর<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৫ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং (হালকা/ভারী) লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |
| ৮. | মিল্ক ভ্যান ড্রাইভার<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ২ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং (হালকা/ভারী) লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |
| ৯. | ট্রাক ড্রাইভার<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৬ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ)বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং (ভারী) লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |
| ১০. | ড্রাইভার (ট্রলি)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৪ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ)বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং (ভারী) লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |
| ১১. | ড্রাইভার (লরি)<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৪ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং (ভারী) লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |
| ১২. | পিকআপ ড্রাইভার<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ২ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>খ) বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং (হালকা/ভারী) লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা |

| ক্রমিক নং | পদের নাম, জাতীয় বেতন স্কেল ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা |
|---|---|---|---|
| ১৩. | ড্রাইভার পাম্প/পাম্প চালক<br>বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/-<br>বেতন গ্রেড : ১৬ | ৪ | ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা |
| | মোট = | ৬৩৮ | |

**"নিয়োগের শর্তাবলী"**

১. প্রাণিসম্পদ অধিদপ্তরের (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ অনুসারে নিয়োগ কার্যক্রম পরিচালিত হবে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান অনুসারে নিয়োগকার্যক্রম পরিচালিত হবে।

২. সকল সরকারি নিয়মাবলি অনুসরণপূর্বক কেবল যোগ্য প্রার্থী বরাবর প্রবেশপত্র প্রেরণ করা হবে। পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইটে এবং মোবাইল এস.এম.এস এর মাধ্যমে জানানো হবে।

৩. সকল প্রার্থীদের ক্ষেত্রে **০১/০২/২০২৫** তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. অনলাইনে আবেদন করতে হবে, কোনরূপ লিখিত আবেদন গৃহীত হবে না। আবেদনপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী **প্রাণিসম্পদ অধিদপ্তরের (job.dls.gov.bd) সাইট অথবা (www.dls.gov.bd)** ওয়েবসাইটের মেনুতে **"অনলাইন নিয়োগ"** অপশনে পাওয়া যাবে।

৫. প্রাণিসম্পদ অধিদপ্তরের ১৭/০৪/২০২৪ তারিখের নং- ৩৩.০১.০০০০.১০১.১১.৮৪৫(৩).২৪-৮২১ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী **যে সকল প্রার্থীর আবেদনপত্র গৃহীত হয়েছিল তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তবে, যে সকল প্রার্থীর আবেদনপত্র বাতিল হয়েছিল তারা বিধি মোতাবেক পুনরায় আবেদন করতে পারবেন।**

৬. ক) আবেদন শুরুর তারিখ ও সময় : ১১/০২/২০২৫ খ্রিস্টাব্দ, সকাল ৯.০০ ঘটিকা হতে।
খ) আবেদনের শেষ তারিখ ও সময় : ২৮/০২/২০২৫ খ্রিস্টাব্দ, বিকেল ৫.০০ ঘটিকা পর্যন্ত।
সরাসরি বা ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৭. মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক "ক" হতে "ছ" পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে:
(ক) অনলাইন আবেদন পত্রের হার্ডকপি;
(খ) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙিন সত্যায়িত ছবি;
(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার সনদ; বিজ্ঞপ্তিতে বর্ণিত ৬-১৩ নং ক্রমিকের জন্য ড্রাইভিং লাইসেন্স এবং অভিজ্ঞতা সনদের কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্র;
(ঙ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ;
(ছ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ; শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী সনদ এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের এবং প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের কপি।

৮. আবেদন পত্রের সাথে নিয়োগ পরীক্ষার ফি বাবদ **মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে** ১০০/- (একশত) টাকা অফেরৎযোগ্য **সোনালী ব্যাংক পিএলসি** এর ট্রেজারী চালানের (কোড নম্বর **১-৪৪৮১-০০০০-২০৩১ অথবা ১৪৪০৪০১-১২৩৭৫৪-১৪২২৩২৬)** মাধ্যমে জমা করতে হবে। অনলাইন আবেদনপত্রে ট্রেজারী চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম উল্লেখ করে আবেদনের সাথে ট্রেজারী চালানের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নয়।

৯. যদি কোন প্রার্থী-
ক) বাংলাদেশের নাগরিক না হন, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;
খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন;
গ) ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১০. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ সকল তথ্য স্বীকৃত শিক্ষাবোর্ড সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদন পত্রে হুবহু সেভাবে লিখতে হবে এবং কালার প্রিন্ট সংরক্ষণ করতে হবে।

১১. যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কোন প্রার্থী তথ্য গোপন করে চাকুরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির কোথাও ভুল প্রমাণিত হলে এবং অসম্পূর্ণ আবেদন/তথ্যাদির জন্য আবেদনপত্র বাতিল হবে।

১২. নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি দাখিল করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণ করা হবে না।

১৪. বিভিন্ন পদসমূহের নিয়োগ পরীক্ষা একইদিনে অনুষ্ঠিত হতে পারে।

১৫. আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৬. নিয়োগ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

***কারিগরি ত্রুটি এড়ানোর জন্য শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে আবেদকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

09-02-2025

(ডাঃ মোঃ তারেক হোসেন)
উপপরিচালক, প্রশাসন
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডের পদে নিয়োগের সুপারিশ প্রদান কমিটি।